## সম্পাদকীয়

### দার্জিলিংয়ে রোপওয়ে, যোগাযোগ থেকে পর্যটন, মাস্টার স্ট্রোক রাজ্যের

মসনদে বসেই পাহাড় তথা সমগ্র উত্তরবঙ্গের উন্নয়নে নজর দিয়েছে রাজ্যের বিজেপি সরকার। দীর্ঘদিন ধরেই বঞ্চিত পাহাড়বাসী। পূর্বতন সরকার শুধু ভাষণ দিয়েই ১৫ বছর কাটিয়ে দিয়েছে। প্রকৃত উন্নয়ন বলতে পাহাড়ে কিছুই হয়নি। বর্তমান সরকার এসে সেই কাজটাই শুরু করেছে। এর প্রথম ধাপ হিসেবে দার্জিলিংয়ে রোপওয়ে তৈরির সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। এর মাধ্যমে এক ঢিলে দুই পাখি মারতে চেয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই রোপওয়ে তৈরি হবে দার্জিলিং থেকে কালিম্পং পর্যন্ত। এর ফলে একদিকে পাহাড়ে বিকল্প পরিবহণ ব্যবস্থা গড়ে উঠবে। যানজট কমবে রাস্তায়। অন্যদিকে এর দৌলতে পর্যটনের নতুন দিক খুলে যাবে পাহাড়ে। সম্প্রতি এই লক্ষ্যে নবান্নে মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে মুখ্যসচিব, পর্যটনমন্ত্রীকে নিয়ে এক বৈঠকে এই বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রায় ২২ কিমি দীর্ঘ এই প্রস্তাবিত রোপওয়ে প্রকল্প বাস্তবের রূপ দেখলে পাহাড়ে পর্যটকদের যাতায়াত আরও সহজ হবে এবং সড়ক পথে যান চলাচলের ওপর চাপও কমবে। একই সঙ্গে ওই বৈঠকে উত্তরবঙ্গে একটি বৃহৎ যোগাভ্যাস কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্তও নেওয়া হয়েছে। একসঙ্গে প্রায় এক হাজার মানুষ যোগাভ্যাস করতে পারবেন, এমন উপযুক্ত জায়গা চিহ্নিত করার দায়িত্ব পর্যটন দফতরকে দেওয়া হয়েছে। অন্যদিকে, পূর্ব ডুয়ার্সে নতুন পর্যটন সার্কিট গড়ে তোলার উদ্যোগ নিয়েছে বন দপ্তর। কোচবিহার ও আলিপুরদুয়ারকে কেন্দ্র করে এই পর্যটন সার্কিট গড়ে তোলার পরিকল্পনা রয়েছে। বনমন্ত্রী মনোজ ওরাও এই বিষয়ে একটি বিস্তারিত প্রকল্প রিপোর্ট তৈরির জন্য দপ্তরের আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। সব মিলিয়ে পাহাড়ের উন্নয়নে জোরকদমে কাজ শুরু করতে চলেছে এই সরকার। এখন দেখার কত দ্রুত প্রস্তাবিত এই প্রকল্পগুলির কাজ শেষ করতে পারে প্রশাসন। খুব সহজ ভাষায় বললে, উত্তরবঙ্গের উন্নয়নে পর্যটন ও যোগাযোগের পরিকাঠামোকেই হাতিয়ার করতে চাইছে সরকার।

### শব্দছক ২৫৮

রবি দাস



**পাশাপাশি:** ১. ইরোজীতে ডিস্নেনারী ৩. বিশেষ ঘাস থেকে তৈরী শোওয়া-বসার পাতন ৫. শ্রীকৃষ্ণর এক নাম ৬. অন্যমনস্ক ৯. হস্তী ১০. চতুর্থ পাণ্ডব ১১. অধিষ্ঠান ১৩. গাছ জাগানোর জন্য গুড়ো মাটির আধার ১৪. শ্রীরামের পুত্রযুগল ১৮. অভ্যাস ১৯. লজ্জাবিপতি ২০. জোয়া বা জিলিক

**ওপর-নিচ:** ১. শত্রু ২. অঙ্গে বন্ধনকরা ৩. ফুল দিয়ে গাঁথা হার ৪. বর্ণ ৫. ক্ষীণ দৃষ্টিশক্তিসম্পন্ন ৬. অদ্য ৭. ছোটো খঞ্জনী ৮. অস্থিরমতি ৯. যে শস্যদানার আঁটা আমরা খাই ১১. বর্ণনা ১২. নীর ১৫. বসন্তের এক ফুল ১৬. বাণ ১৭. অনাবৃষ্টি

**সমাধান ২৫৭ — পাশাপাশি:** ১. সংবাদ ৩. মানা ৫. নর ৬. রদ ৮. অজ ১০. লপন ১২. বিলাবল ১৪. মান ১৫. জুন ১৬. বদনাম ১৮. রকম ১৯. কল ২০. নব ২২. চল ২৩. কনে ২৪. নমস্কার

**ওপর-নিচ:** ১. সর ২. দর ৪. নাচন ৫. নবাবি ৭. দলমাদল ৮. অবনমন ৯. জল ১১. গণনা ১৩. লাজুক ১৬. বক ১৭. মহল ১৮. রজক ২১. বন ২২. চর

### আজকের দিন

■ **১৯৭১** — কাতার আনুষ্ঠানিকভাবে ব্রিটিশ শাসন থেকে স্বাধীনতা লাভ করে।

■ **১৯৭৬** — নাসার চালকবিহীন ভাইকিং ২ মহাকাশযানটি সফলভাবে মঙ্গল গ্রহে অবতরণ করে এবং মঙ্গলপৃষ্ঠের প্রথম কাছ থেকে তোলা রঙিন ছবি ও তথ্য পাঠায়।

### জন্মদিন

১৯২৬ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা উত্তমকুমারের জন্মদিন।*

১৯৫৫ *বিশিষ্ট রাজনীতিবিদ স্বপন দাশগুপ্তের জন্মদিন।*

১৯৭৬ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা বিবেক ওবেরয়ের জন্মদিন।*

উত্তমকুমার

# শিক্ষক-পড়ুয়া সম্পর্কের 'অবনমন' কতটা প্রভাবিত করছে রাজ্যের শিক্ষার মান

**অশোক সেনগুপ্ত**

পশ্চিমবঙ্গে শিক্ষার মান নামছে বলে অভিযোগ উঠছে নানা মহল থেকে। বিতর্ক থাকলেও অনেকের অভিযোগ, এর অন্যতম কারণ শিক্ষক-পড়ুয়া সম্পর্কের অবনমন। রাজ্যে সাম্প্রতিক রাজনৈতিক পালাবদল ও ৬৫-তম জাতীয় শিক্ষক-দিবসের প্রাক্কালে প্রাসঙ্গিক হয়ে উঠেছে শিক্ষক-পড়ুয়া সম্পর্ক ও সংশ্লিষ্ট কিছু বিষয়।

দীর্ঘকাল ধরে পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা ভারতের অন্যতম উন্নত এবং ঐতিহ্যবাহী একটি শিক্ষা ব্যবস্থা। এই ব্যবস্থার মূলে ছিল প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং উচ্চশিক্ষা (কলেজ ও বিশ্ববিদ্যালয়)। এর মূল কারণ ব্রিটিশ শাসনামল থেকেই কলকাতা ছিল আধুনিক শিক্ষার অন্যতম প্রধান কেন্দ্র।

ইনস্টিটিউট অব ডেভলপমেন্ট স্টাডিজ, কলকাতার বিশেষজ্ঞ অচিন চক্রবর্তীর মতে, অতিমারির কারণে সারা দেশেই শিক্ষার যে অভূতপূর্ব ক্ষতি হয়েছিল, তা কমবেশি উদ্বিগ্ন। এমতাবস্থায় পঠনপাঠনকে কোভিড-পূর্ব অবস্থায় ফিরিয়ে আনতে ব্যক্তিগত উদ্যোগে কিংবা সাংগঠনিক প্রচেষ্টায় অনেক শিক্ষক সীমিত পরিসরে চেষ্টা চালিয়ে গিয়েছেন। শিক্ষার আলো শিশুকিশোরদের মধ্যে জ্বালিয়ে রাখার চেষ্টা করেছেন, যা অবশ্যই অভিনন্দনযোগ্য।

অনেকে মনে করেন, গত কয়েক দশকে সামগ্রিকভাবে শিক্ষকদের সামাজিক মর্যাদা কমেছে। এর কারণ কী কী? একাধিক বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য, গণিতবিদ ডঃ কাজল দে এই ব্যাপারে বলেন, 'শিক্ষকদের প্রাইভেট টিউশনি একটা অন্যতম কারণ। ভাল শিক্ষক অবশ্যই আছেন, কিন্তু ইদানিং যাঁরা শিক্ষকতা করেন, তাঁদের অনেকেই এই পেশাকে শুধুমাত্র আরেকটি অর্থোপার্জনের উপায় ভাবেন। আর এখন তো স্কুল শিক্ষক মানে ছোট একটা সন্দেহ উঁকি মারে সবার মনে, কিভাবে চাকরি পেলেন তা নিয়ে, যেটা যথেষ্ট মর্যাদা হানিকর।'

এ ব্যাপারে একটি বিখ্যাত শিক্ষাপ্রতিষ্ঠানের আধিকারিক তথা প্রাক্তন উপাচার্য ডঃ বাসব চৌধুরী বলেন, 'দেখুন, আমার মতবাদ খানিকটা শক্ত হয়। একসময় শিক্ষকরা বেতন কম পেতেন। তাঁদের ত্যাগ ছিল। তাঁরা ছাত্রছাত্রী মানুষ করতেন। নিজের জীবনে স্বাচ্ছন্দ্য না থাকলেও সততা ও স্বার্থত্যাগের জন্য সমাজ তাঁদের সম্মান করতেন। দিন বদলাবার সঙ্গে সঙ্গে অধিকার-সচেতনতা এলো। শিক্ষকরা আইএএস-দের সমতুল বেতন ও সুযোগসুবিধা চাইলেন। কিছু পেলেনও। কিন্তু সামাজিক সম্মানের দিকটা কমে গেল। শিক্ষকতা চাকরি হোলো, সেবার দিকটা কমে গেল। এটা অবশ্য চিকিৎসক বা আইনজীবীদের ক্ষেত্রেও হয়েছে।'

একটি নামী বেসরকারী বিশ্ববিদ্যালয়ের আধিকারিক-অধ্যাপক ডঃ বুড়োশিব দাশগুপ্ত বলেন, 'সরকার শিক্ষাকে যথেষ্ট অগ্রাধিকার দেয় নি।'

উন্নত দেশের চিত্র কি খুব আলাদা? ডঃ বাসব চৌধুরীর মতে, 'সেখানে শিক্ষকরা শ্রমিকদের মতন ঘুরে ঘুরে বিভিন্ন কলেজে পড়িয়ে রোজগার করেন। সেখানে dignity of labour কাজের ছোট বড় বিভেদ করে না। বাথরুম পরিষ্কার করার মহিলাও গাড়ি চালিয়ে আসেন। সেখানে একটা অন্যরকম সংস্কৃতি কাজ করে।'

এ ব্যাপারে বুড়োশিববাবুর সাফ জবাব, 'উন্নত দেশগুলো শিক্ষাকে এখনও সমাজের প্রথম শ্রেণিতে রাখে।' ডঃ কাজল দে-র বক্তব্য, 'আমি যেটুকু জানি উন্নত দেশে বেশিরভাগ শিক্ষকদের চাকরির স্থায়ীত্ব নেই। Publish or perish — এই রকম আত্মবাক্যই চলে। ঘন ঘন চাকরি স্থল বদলানো খুব সাধারণ ব্যাপার। সেই অবস্থায় সামাজিক মর্যাদা নিয়ে ভাবনা বোধহয় খুব গুরুত্ব পায় না।'

পশ্চিমবঙ্গের সঙ্গে ভারতবর্ষের অন্য রাজ্যের শিক্ষকদের অবদানের তুলনা প্রসঙ্গে ডঃ বুড়োশিব দাশগুপ্ত বলেন, 'কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের স্কেল অন্য শিক্ষা প্রতিষ্ঠানের চেয়ে অনেক বেশি।' ডঃ কাজল দে এই ব্যাপারে এই প্রতিবেদককে বলেন, 'যতদূর মনে হয় দক্ষিণ ভারতের অবস্থা এখানকার থেকে ভালো।' অন্যদিকে, ডঃ বাসব চৌধুরীর মতে, 'চিত্রটা একই রকম। UGC scale এ কলেজ শিক্ষকদের বেতন ঠিক হয়। প্রাইভেট কলেজে বৈষম্য থাকে। স্কুলে অবস্থাটা খুব সুখকর কোথাওই নয়। একটা স্বচ্ছ সৎ সমীক্ষা করলে বাস্তব পরিস্থিতি বোঝা যাবে। আমাদের দেশে সামগ্রিকভাবে সততা ও স্বচ্ছতা কম। ডেনমার্ক, ফিনল্যান্ড, সুইডেন, নরওয়ে — সেই সব দেশ কিন্তু অনেক পরিচ্ছন্ন আছে। সেখানে শিক্ষকরা ভাল আছেন।'

শিক্ষক-পড়ুয়া সম্পর্কের মানোন্নয়নে শিক্ষার সামগ্রিক মান কতটা ভালো হতে পারে?

ডঃ বাসব চৌধুরীর মতে, 'শুধু সম্পর্ক দিয়ে হবে না। বাবা মা কি সন্তানদেরকে ভালোবাসেন না? তবু ঘরে ঘরে এত বিবাদ বিসম্বাদ দেখি কেন? সমাজ একটা বৃহৎ ক্ষেত্র — সেখানে নানা টানাপোড়েন চলছে। বাস্তবতার চিত্র বদলাচ্ছে। রুজিরোজগারের সুবিধা কমছে। সমস্যাটা multidimensional — একটা কিছু করে সমস্যার সমাধান হবে না।

সামগ্রিকভাবে ভাবতে হবে। এটা অনেক আগে ভাবা উচিত ছিল। টিউমার যখন ছোট থাকে, চিকিৎসার পদ্ধতি ও ব্যয় কম জটিল এবং সীমিত থাকে। যখন ক্যান্সার বেড়ে যায়, তখন সমস্যা হাতের বাইরে চলে যায়। ব্যক্তি বা পারিবারিক স্তরে সেই সমস্যাটা বুঝতে পারলে সামাজিক স্তরের অবস্থা বোঝাটা সহজ হবে।'

শিক্ষাবিদ ডঃ কাজল দে বলেন, 'অনেকটাই। একটা বিষয়কে মনোভাবী করে তুলতে শিক্ষকের ভূমিকা অপরিসীম। সম্পর্ক ভালো থাকলে ছাত্ররা প্রশ্ন করতে ইতস্তত করে না আর শিক্ষকও সুন্দর করে সহজ করে বুঝিয়ে দিতে আগ্রহী হন। উপরন্তু ছাত্রদের চরিত্র গঠন মূল্যবোধ তৈরি সামাজিক সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রেও শিক্ষক গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে সক্ষম হন।'

ডঃ বুড়োশিব দাশগুপ্ত বলেন, 'শিক্ষক ছাত্র সম্পর্কের মানোন্নয়নের উপর শিক্ষার মান সম্পূর্ণ নির্ভরশীল।'


**SBI**

**এসবিআই এইচএলসি বেহালা (১৭৮৯৯)**
২৩এ/৪৪ এস্ক, ৪র্থ তল, জীবন তারা বিল্ডিং, ডি.এইচ. রোড, কলকাতা-৭০০০৫৩,
ই-মেইল : sbi.17899@sbi.co.in

**ভেহিকেল নিলাম বিজ্ঞপ্তি**

অনুমোদিত অফিসারের বিজ্ঞপ্তি : নাম : অমিতি সরকার, মোবাইল নং ৯৮৭৪৭১৭১৬৪, ই-মেইল আইডি : sbi.17899@sbi.co.in

**অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**ই-নিলামের তারিখ ও সময় : ১৪.০৯.২০২৬**
নিলামের সময় : সকাল ১১.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত, প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন এক্সটেনশন সহ।
**পরিদর্শনের তারিখ ও সময় : ১১.০৯.২০২৬ সকাল ১১.০০ টা থেকে দুপুর ০২.০০ টা পর্যন্ত।**

এতদ্বারা সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষ করে ঋণগ্রহীতা এবং জামিনদাতাকে নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত অস্থাবর সম্পত্তি সুরক্ষিত পাওনাদারের কাছে দায়বদ্ধ /বন্ধক/ চার্জ করা হয়েছে, যার **বাস্তবিক দখল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**, (সুরক্ষিত পাওনাদার)-এর অনুমোদিত অফিসারের দ্বারা নেওয়া হয়েছে, তা **১৪.০৯.২০২৬ তারিখে "যেখানে যেমন আছে", "যেমন আছে যা আছে"** এবং **"যাই থাক না কেন"** ভিত্তিতে বিক্রি করা হবে।

**ঋণগ্রহীতা এবং গাড়ির বিবরণ**

**ঋণগ্রহীতা : শ্রী অরিজিৎ সরকার, এ/সি নং : ৪১১২১৭৬১৪৪৯। সংরক্ষিত মূল্য হলো ৭,০৬,০০০/- টাকা (জিএসটি সহ)। বায়না অর্থ জমা (ইএমডি) হবে ৭০,৬০০/- টাকা এবং বিড বৃদ্ধির পরিমাণ হবে ২,০০০/- টাকা।**
**গাড়ির বিবরণ মেক এবং মডেল : হুন্ডাই ইন্ডিয়া লিমিটেড হুন্ডাই ভেন্যু এসএক্স আইএমটি, রেজিস্ট্রেশন নং : 23BH7711E ইঞ্জিন নং : G3LCPM861603, চ্যাসিস নং : MALFE81ALPLPM471031, তৈরির বছর : ২০২৩**

বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত পাওনাদার-এর ওয়েবসাইট **www.sbi.co.in** এবং নির্দিষ্ট ই-অকশনের জন্য তৈরি করা লিঙ্ক **https://www.bankeauction.com** অথবা **support@bankeauction.com** দেখুন।

তারিখ : ০৩.০৯.২০২৬
স্থান : কলকাতা

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া



**ইন্ডিয়ান ব্যাঙ্ক** Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

**পার্ক স্ট্রিট শাখা**
৫৭ পার্ক স্ট্রিট, কলকাতা - ৭০০০১৬
ইমেইল : parkstreet@indianbank.co.in

**পরিশিষ্ট - IV {রুল-৮(১)}**
**দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **ইন্ডিয়ান ব্যাঙ্ক, পার্ক স্ট্রিট শাখা**-এর অনুমোদিত আধিকারিক হিসেবে **সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪)**-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে **৩০.০৫.২০২৬ তারিখে** একটি দাবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা অর্থাৎ **শ্রী বিদেশ কুমার শর্মা, পিতা - রাজেন্দ্র কুমার শর্মা, ২৬৩/বি এমবি রোড, ১ নং রবীন্দ্র নগর, পর্শপী পল্লী, কলকাতা - ৭০০০৬০ এবং সহ-ঋণগ্রহীতার নাম ও ঠিকানা শ্রীমতী পিয়ালী শর্মা, স্বামী - শ্রী বিদেশ কুমার শর্মা, ২৬৩/বি এমবি রোড, ১ নং রবীন্দ্র নগর, পর্শপী পল্লী, কলকাতা - ৭০০০৬০**-কে উক্ত নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ অর্থাৎ **১৯,৩০,৭২০.০০/- টাকা (উনিশ লক্ষ ত্রিশ হাজার সাতশো কুড়ি টাকা)** যা **৩০.০৫.২০২৬** তারিখ অনুযায়ী বকেয়া, উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।

ঋণগ্রহীতা টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা/গ্যারান্টার এবং সাধারণভাবে জনসাধারণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলস-এর রুল ৯-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **২০২৬ সালের সেপ্টেম্বর মাসের ২ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির **দখল** নিয়েছেন।

সুরক্ষিত পরিসম্পত্তের নামমূল্য হওয়ার ব্যাপারে প্রাপ্তব্য সময়ের বিষয়ে অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানাবলির প্রতি ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

বিশেষভাবে ঋণগ্রহীতা / গ্যারান্টার এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন সম্পত্তিটি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তিটির সাথে যে কোনো লেনদেন **ইন্ডিয়ান ব্যাঙ্ক, পার্ক স্ট্রিট শাখা-এর ১৯,৩০,৭২০.০০/- টাকা (উনিশ লক্ষ ত্রিশ হাজার সাতশো কুড়ি টাকা)** যা **৩০.০৫.২০২৬ তারিখ অনুযায়ী** বকেয়া এবং তার উপর আতিরিক্ত আনুষঙ্গিক ব্যয়, খরচ ও চার্জ ইত্যাদির জন্য ধার্য সাপেক্ষ হবে।

**তফসিল**

যে সম্পদে সিকিউরিটি ইন্টারেস্ট তৈরি হয়েছে তার সুনির্দিষ্ট বিবরণ নীচে দেওয়া হল :
**বন্ধক রাখা সম্পদ :** কেএমসি ওয়ার্ড নং - ১২৯-এর অধীনে প্রেমিসেস নং - ৭৩৩, জয়রামপুরলালা রোড এবং এর ডাক নং - ৪১৫/১ গোয়ালা পাড়া রোড, জেলা - দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা - ৭০০০৬০-এ অবস্থিত 'লিপাশা' নামক ভবনের পূর্ব দিকে ২য় ফ্লোরে অবস্থিত ২ বি চিহ্নিত একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল, যার মাপের ফ্লোর সহ সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৮১০ বর্গফুট এবং যাতে ২ (দুটি) বেডরুম, ১ (একটি) ড্রইনিং কাম কিচেন, ২ (দুটি) টয়েলেট, ১ (একটি) ডব্লিউ.সি এবং সাধারণ লিফটের সুবিধা, ইউটিলিটি, সুযোগ-সুবিধা রয়েছে। **এই সম্পত্তির সীমানা নিম্নরূপ : উত্তরে :** শ্রীমতী নলিনী বালা নস্করের সম্পত্তি ধারা; **দক্ষিণে :** ১৮ ফুট চওড়া গোয়ালা পাড়া রোড ধারা; **পূর্বে :** শ্রীমতী শিবানী রায়ের সম্পত্তি ধারা; **পশ্চিমে :** শ্রীমতী শেফালী দত্ত এবং রেবতী ভূষণ মন্ডলের সম্পত্তি ধারা।

তারিখ : ০২.০৯.২০২৬
স্থান : কলকাতা

স্বা/-
অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক



**GOVERNMENT OF WEST BENGAL**
**INFORMATION WANTED**



This is the photograph of **Sunita Mondal,** Husband's Name - **Sunil Mondal,** of Vill - Sahebdanga Colony, PO - Fatesingpur, PS - Goaltore, Dist - Paschim Medinipur, Who has been missing since 22.05.2026, at about 11.45 hrs, Residential area under Goaltore PS, Description of this Missing person is: **Age** - 25 Years (Approx), **Height** - 4 Feet 8 Inch (Approx.), **Complexion** - Fair, **Wearing**- Red Churidar, **Language** - Bengali. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D, West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Phone No. 033-24506120
**ICA-D 1331(3)/2026**



**SBI**

**এসবিআই এইচএলসি ব্যারাকপুর (৬৪০৭৬)**
৬৬, ব্যারাক রোড, পো - ব্যারাকপুর, জেলা - ২৪ পরগনা (উত্তর), কলকাতা - ৭০০১২০
ই-মেইল আইডি : sbi.64076@sbi.co.in

**ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**
অনুমোদিত কর্মকর্তার বিবরণ :
নাম : শ্রী অমিত সরকার,
মো : ৯৬৪৮১৬২১১, ই-মেইল-sbi.64076@sbi.co.in

ব্যাঙ্কোত্তর ও বিক্রয়যোগ্য মানবাহনের জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রক্রিয়া (পরিশিষ্ট - ১) অনুযায়ী মানবাহন বিক্রয়ের বিজ্ঞপ্তি

**ই-নিলামের তারিখ ও সময় : ১০.০৯.২০২৬**
সকাল ১১.০০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত, প্রতিটি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন বর্ধিত সময় সহ।

প্রাক-দরপত্র ইএমডি প্রদানের শেষ তারিখ : "আগ্রহী দরদাতাগণ ০৯.০৯.২০২৬ তারিখ বা তার পূর্বে প্রাক-দরপত্র ইএমডি জমা দিতে পারবেন। ব্যাংক অ্যাকাউন্টে অর্থপ্রদান প্রাপ্তি এবং ই-নিলাম ওয়েবসাইটে উক্ত তথ্য হালনাগাদ করার পরেই দরদাতার অ্যাকাউন্টে প্রাক-দরপত্র ইএমডি জমা করা হবে। ব্যাংকিং প্রক্রিয়া অনুযায়ী এতে কিছুটা সময় লাগতে পারে, তাই দরদাতাদের নিজেদের স্বার্থেই শেষ মুহূর্তের কোনো সমস্যা এড়াতে যথেষ্ট সময় আগে প্রাক-দরপত্র ইএমডি জমা দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।"

এতদ্বারা সর্বসাধারণকে এবং বিশেষভাবে ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-কে জানানো যাচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক / মর্টগেজ / চার্জকৃত নিম্নোক্ত অস্থাবর সম্পত্তি, যার উপৈত দখল সুরক্ষিত ঋণদাতা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত কর্মকর্তা কর্তৃক গ্রহণ করা হয়েছে, তা ঋণগ্রহীতাদের কাছ থেকে সুরক্ষিত ঋণদাতার প্রাপ্য সুরক্ষিত সম্পদ বিক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত আসন্নকৃত অর্থ (যদি থাকে) বাদ দিয়ে, বকেয়া অর্থ, তার উপর সুদ এবং অন্যান্য খরচ ও ব্যয় ইত্যাদি আদায়ের উদ্দেশ্যে **১০.০৯.২০২৬** তারিখে **"যেখানে যেমন আছে", "যেখানে যা আছে"** এবং **"যেমন অবস্থায় আছে"** ভিত্তিতে বিক্রয় করা হবে।

| ক্রম নং | জ্ঞাত দায়বদ্ধতা সহ অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ, যদি থাকে | পরিদর্শনের তারিখ এবং সময় | সংরক্ষিত মূল্য | বায়না জমা/সংরক্ষিত মূল্যের ১০ শতাংশ ডাক বৃদ্ধির পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মেক এবং মডেল : **Renault India Pvt. Ltd. KWID RXT 1.0.** রেজি. নং : **WB12AY0887** রেজি. তারিখ : ১৫.০৪.২০১৯, ইঞ্জিন নং : **B4DA404E165200**, চেসিস নং : **MEEBBA007K1644312** তৈরির বছর : ২০১৯ মালিকের নাম : শ্রী অঙ্গন চক্রবর্তী | ০৭.০৯.২০২৬ সকাল ১১ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত। | ১,৩৫,০০০ টাকা জিএসটি সহ | ইএমডি ১৩,৫০০ টাকা, ডাক বর্ধিতকরণ পরিমাণ : ২০০০ টাকা |
| ২. | মেক এবং মডেল : **Maruti Suzuki India Ltd. ERTIGASMART HYBRID ZXI+**, রেজি. নং : **WB26BS6890**, রেজি. তারিখ : ২২.০৬.২০২২, ইঞ্জিন নং : **K15CN9034327**, চেসিস নং : **MA3BNC72SNE487816** তৈরির বছর : ২০২২ মালিকের নাম : শ্রী বিভাস দাস | ০৭.০৯.২০২৬ সকাল ১১ টা থেকে বিকেল ৩ টা পর্যন্ত। | ৬,৫১,০০০ টাকা জিএসটি সহ | ইএমডি ৬৫,১০০ টাকা, ডাক বর্ধিতকরণ পরিমাণ : ৫০০০ টাকা |

বিক্রয়ের বিস্তারিত নিয়ম ও শর্তাবলীর জন্য, অনুগ্রহ করে সুরক্ষিত ঋণদাতা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ওয়েবসাইট **www.sbi.co.in** এবং ই-নিলাম প্রক্রিয়া পরিচালনার জন্য, অনুগ্রহ করে **https://www.baanknet.com** এই লিঙ্কটি দেখুন।

তারিখ : ০৩.০৯.২০২৬
স্থান : ব্যারাকপুর

অনুমোদিত অফিসার,
স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া


### মননের আলো

*সংকলনে স্বপন কুমার মণ্ডল*

প্রশংসা করা মানে বাড়িয়ে বলা নয়, প্রশস্তি করাও নয়, কিংবা অকারণে গুণগান করে মুগ্ধতা প্রকাশও নয়। যে যা নয়, তাকে তা বললে অপমান করা হয়। যার যতটুকু আছে তার চেয়ে বেশি বলা মিথ্যাচার।

### কোট-আনকোট

এ কথা তো মানতেই হবে যে, মানুষ ভোট দিয়েছেন পোশাকের ভিতরে থাকা মানুষটার পরিবর্তনের জন্য, শুধু পোশাক পরিবর্তনের জন্য নয়।

*শমীক ভট্টাচার্য, রাজ্য সম্পাদক, বিজেপি, পশ্চিমবঙ্গ*

### লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই **Unicode**-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com